



নাজমকোট হাছান মেমোরিয়াল সরকারি ডিগ্রি কলেজ

নাজমকোট, কুমিল্লা।



উচ্চ মাঃ কোড:- ৮৪৫০

ডিগ্রি কোড:-৩৭২৫

EIIN NO : 106161

মোবাইল-০১৩০৯-১০৬১৬১ মেইল: nhmgdc@gmail.com

স্মারক নং- না.হা.মে.স.ডি.কলেজ/

তারিখ:

২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী ও সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় নাজমকোট হাছান মেমোরিয়াল সরকারি ডিগ্রি কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের উপবৃত্তির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিচে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র আগামী ১০/০২/২০২৬ হতে ২০/০২/২০২৬ তারিখের মধ্যে কলেজ অফিস কক্ষে জমা দেওয়ার জন্য বলা হলো।

উপবৃত্তির আবেদনপত্রের সাথে নিম্নোক্ত তথ্যাদি জমা ও অনুসরণীয় বিষয়সমূহঃ

- ১) শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম (০১ কপি পাসপোর্ট সাইজ ছবি)।
- ২) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন অনলাইন সনদের ফটোকপি (১৭ সংখ্যার নম্বর বিশিষ্ট)।
- ৩) পিতা ও মাতার অনলাইন জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার নম্বর বিশিষ্ট)।
- ৪) পিতা-মাতা অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার নম্বর বিশিষ্ট)।
- ৫) এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও মার্কশিটের ফটোকপি।
- ৬) শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং (নগদ) অথবা ব্যাংক একাউন্ট নম্বর।
- ৭) একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার না করা।
- ৮) পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসেবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা-মাতা অনুপস্থিতিতে অন্য কাউকে অভিভাবক নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে তার নাম ব্যবহার করতে হবে।
- ৯) শুধু ব্যাংক/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হবে হিসাবধারীর নাম হিসেবে তার নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে।
- ১০) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষাবোর্ডের অধীন শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না।
- ১১) ইউনিয়ন পরিষদ/কাউন্সিলর কর্তৃক অভিভাবকের বার্ষিক আয় ও সম্পদের পরিমাণ উল্লেখপূর্বক নাগরিক সনদ।
- ১২) সরকারি অনুদান উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাবৃত্তি পেয়ে থাকলে আবেদন অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১৩) উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য সার্ভারে এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাদি যাচাই-বাছাই করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।

বি. স্বঃ জমি অথবা বসত-ভিটার পরিমাণ ১০ শতাংশের বেশি হলে আবেদন করার প্রয়োজন নেই।


16.02.26

নাজমা আক্তার(৩০৮১৭১৫)

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

নাজমকোট হাছান মেমোরিয়াল সরকারি ডিগ্রি কলেজ

নাজমকোট, কুমিল্লা।

নাজমা আক্তার

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

আইডি নং: ৩০৮১৭১৫

নাজমকোট হাছান মেমোরিয়াল সরকারি ডিগ্রি কলেজ

নাজমকোট, কুমিল্লা।